বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৫

তারিখঃ ২৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক দুবাইয়ে আয়োজিত "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শো প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন দুবাইতে ৯ ফেব্রুয়ারি, ২০২১ প্রবাসী বাংলাদেশি বিনিয়োগকারীদের (এনআরবি) জন্য এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করতে "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শোয়ের আয়োজন করেছে যা রোড শোটি শুক্রবার ১২ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত চলবে।

রোড-শোটির সভাপতিত্ব করেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি তাঁর বক্তব্যে বাংলাদেশের পুঁজিবাজারের অমিত সম্ভাবনার বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। এক্ষেত্রে আইপিও, বন্ড, মিউচুয়াল ফান্ডসহ প্রাইমারি ও সেকেন্ডারী মার্কেটের সম্ভাবনাময়ের কথা উল্লেখ করেন। এছাড়াও অন্যান্যের মধ্যে ব্যাংকিং খাতে দীর্ঘকাল ধরে বিদ্যমান ম্যাচিউরিটি মিসম্যাচ সমস্যা সমাধানের জন্য দীর্ঘমেয়াদী তহবিল সংগ্রহের লক্ষ্যে পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেছেন। তিনি বাজারের ঝুঁকিপূর্ণ প্রকৃতির উপর জোর দিয়েছেন এবং পুঁজিবাজার থেকে টেকসই রিটার্নের জন্য গবেষণা এবং পেশাদার বিনিয়োগ পদ্ধতির মাধ্যমে পরিশীলিত ঝুঁকি গ্রহণের উপর গুরুত্ব দিয়েছেন। তিনি বাংলাদেশের উন্নয়নে অবদানের জন্য প্রবাসী বাংলাদেশীদের (এনআরবি) ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশের বর্তমান নেতৃত্বের প্রশংসা করেন এবং উপস্থিত বিশিষ্ট অতিথিবৃন্দকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ভূমিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি। তিনি পুঁজিবাজারের বিষয়ে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা তুলে ধরেন এবং যথাযথ গবেষণা ও শৃঙ্খলাবদ্ধ বিনিয়োগ পদ্ধতির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি বর্তমান কমিশনের নেতৃত্বের প্রশংসা করেন এবং তাদের বিভিন্ন নতুন উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি। তিনি অন্যান্যের মধ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি পুনরুদ্ধারে করোনা মহামারীকালীন সময়ে প্রচুর রেমিট্যান্স দেশে পাঠানোর জন্য প্রবাসী বাংলাদেশীদের ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব খোন্দকার কামালুজ্জামানসহ কমিশনের উচ্চপদস্থ কর্মকর্তা, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এর পরিচালক, ইউসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড ও ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেড এর উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এবং দেশি-বিদেশী সাংবাদিক, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ দুবাইয়ের বিভিন্ন সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গ রোড শোতে অংশ গ্রহণ করেন।

বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান জনাব আনিসুজ্জামান চৌধুরী। তিনি বর্তমান সরকারের পাশাপাশি নতুন কমিশনকে পুঁজিবাজারে সুশাসন প্রতিষ্ঠায় নিরলস প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইডিএলসি লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ও বিএসইসি'র প্রাক্তন কমিশনার জনাব আরিফ খান। তিনি বাংলাদেশের অর্থনীতি এবং পুঁজিবাজারের একটি প্রেক্ষাপট আলোচনা করেছেন। এছাড়াও তিনি বিনিয়োগ সিদ্ধান্তে গুজব এড়াতে এবং উন্নত কর্পোরেট প্রশাসন ও মৌলিভিত্তি সম্পন্ন প্রতিষ্ঠানে বিনিয়োগ করার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেছেন।

ইউসিবি স্টক ব্রোকারেজ লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ রহমত পাশা একটি প্রেজেন্টশন প্রদান করেন এবং প্রবাসী বাংলাদেশী (এনআরবি) বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ পদ্ধতি এবং প্রণোদনার বিষয়টি ব্যাখ্যা করেন। তিনি উল্লেখ

চলমান পাতা ১/2

করেন যে, ইউসিবি স্টক ব্রোকারেজ লিমিটেড ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে দুবাইতে একটি ডিজিটাল বুথ খুলবে যা দেশের বাহিরে প্রথম ডিজিটাল বুথ হবে।

অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে প্যানেলিস্ট হিসাবে অংশগ্রহণ করেন জনাব মাহবুব উল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি; জনাব সাইদুর রহমান, সভাপতি, বিএমবিএ; জনাব এম শাইফুর রহমান মজুমদার, সিওও, ডিএসই; জনাব আশেকুর রহমান, এমডি মিডওয়ে সিকিওরিটিজ লি:; জনাব খন্দকার সাফাত রেজা, সিইও ও ডিরেক্টর, লঙ্কাবাংলা সিকিউরিটিজ লি:।

এছাড়াও বিএসইসি'র চেয়ারম্যান অনলাইন অ্যাকাউন্ট খোলার পোর্টালও উদ্বোধন করেন যার মাধ্যমে প্রবাসী বাংলাদেশীগণ বিশ্বের যে কোন স্থান থেকে অনলাইনে তাদের অ্যাকাউন্ট খুলতে সক্ষম হবে। একই দিনে বিকাল ৩:০০ টায় ঢাকার আগারগাঁওস্থ বিএসইসি'র কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশে বসবাসকারী জনাব বিপ্লব সাহার বিও হিসাব খোলার মাধ্যমে অনলাইন অ্যাকাউন্ট খোলার পোর্টালটি বাংলাদেশেও উদ্বোধন করা হয়। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ । উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব মো: আব্দুল হালিম এবং ড. প্রফেসর মো: মিজানুর রহমানসহ কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের নির্বাহীগণ উপস্থিত ছিলেন।

দুবাইয়ের পার্ক হায়াতের ক্রিক বলরুমে রোড শো টি অনুষ্ঠিত হয়। উদ্বোধনী দিনে দুটি পর্ব অনুষ্ঠিত হয়েছে। প্রথম পর্বটির শিরোনাম ছিল "ইনভেস্টর সামিট (এনআরবি): বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট"। ঐ পর্বে বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগরে সুযোগগুলি সম্পর্কে প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ পরিচিত হয়েছেন।

অন্যান্য বিদেশী বিনিয়োগকারীদের মধ্যে বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগর আগ্রহ সৃষ্টির লক্ষ্যে বিকেলে একই ধরণের অনুষ্ঠান আয়োজন করা হয়। এই রোড-শোর ফলে বাংলাদেশের পুঁজিবাজারে বিদেশী এবং এনআরবি বিনিয়োগকারীদের অংশগ্রহণ বাড়বে বলে আশা করা যাচ্ছে।

10-02-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র